

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৪৮

৮. পবিত্রতা অর্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ ইস্তিহাযাগ্রস্থ নারীকে প্রত্যেক সালাতের সময় গোসল করার নির্দেশ

ذِكْنُ الْأُمْرِ بِالِاغْتِسَالِ لِلْمُسْتَحَاضَةِ عِنْدَ كُلِّ صَلَاةٍ

আরবী

1348 ـ أخبرنا يوسف بن يعقوب المقرىء بواسط قالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ خَالِد بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدِ عَنِ الزُّهْرِيِّ عَنْ عَمْرَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ: جَاءَتْ عَبْدِ اللَّهِ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ عَنِ الزُّهْرِيِّ عَنْ عَمْرَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ: جَاءَتْ أُمُّ حَبِيبَةَ بِنْتُ جَحْشٍ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَانَتِ اسْتُخِيضَتْ سَبْعَ سِنِينَ فَاشْتَكَتْ ذَلِكَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ واسْتَفْتَتْهُ فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ واسْتَفْتَتْهُ فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ واسْتَفْتَتْهُ فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ واسْتَفْتَتْهُ فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ واسْتَفْتَتُهُ فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَكِنْ هَذَا عِرْقٌ فَاغْتَسِلِي ثُمَّ صَلِّي) اللَّه صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم: (إن هَذَا لَيْسَ بِحَيْضٍ وَلَكِنْ هَذَا عِرْقٌ فَاغْتَسِلِي ثُمَّ صَلِّي) قَائِشَةُ: فَكَانَتْ أُمُّ حَبِيبَةَ تَغْتَسِلُ لِكُلِّ صَلَاةٍ فَكَانَتْ تَجْلِسُ فِي المِرْكَنِ فَيَعْلُو حَمْرَةُ الدم الماء ثم تصلى.

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1348 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩৪৮. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "উন্মু হাবিবা বিনতু জাহশ রাদ্বিয়াল্লাহু আনহা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসেন, তার সাত বছর যাবৎ ইস্তিহাযা হচ্ছিল, ফলে তিনি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে অভিযোগ করেন এবং তাঁর কাছে ফাতাওয়া জিজ্ঞেস করেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে বলেন, "নিশ্চয়ই এটা হায়েয় নয় বরং এটি শিরাবাহিত রক্ত। অতএব তুমি গোসল করবে এবং সালাত আদায় করবে।" আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "তারপর উন্মু হাবীবা রাদ্বিয়াল্লাহু আনহা প্রত্যেক সালাতের জন্য গোসল করতেন। এবং গামলার মাঝে বসতেন ফলে রক্তের লালিমা পানির উপর প্রাবল্যতা লাভ করতো। তারপর সালাত আদায় করতেন।"[1]



ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/১৮৭; সহীহ মুসলিম: ৩৩৪; দারেমী: ১/২০০; আবূ আওয়ানা: ১/৩২০; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৯৯; হুমাইদী: ১৬০; নাসাঈ: ১/১২১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১১৬৪; আবূ আওয়ানা: ১/৩২০; সুনান বাইহাকী: ১/৩৪৯; আবূ দাউদ: ২৮৫; হাকিম: ১/১৭৩; সহীহ আল বুখারী: ৩২৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২৮৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন